

## গীতাঞ্জলি

১১

কোথায় আলো কোথায় ওরে আলো !  
বিরহনলে জালো রে তা'রে জালো ।  
রয়েছে দীপ না আচে শিখা  
এই কি ভালে ছিল রে লিখা,  
ইহার চেয়ে মরণ সে যে ভালো ।  
বিরহনলে প্রদীপখানি জালো ।

বেদনা দৃতী গাহিছে “ওরে প্রাণ,  
তোমার লাগি জাগেন ভগবান ।  
নিশ্চিথে ঘন অঙ্ককারে  
ডাকেন তোরে প্রেমাভিসারে,  
হুংখ দিয়ে রাখেন তোর মান ।  
তোমার লাগি জাগেন ভগবান ।”

গগনতল গিয়েছে মেঘে ভরি ;  
বাদল জল পড়িছে ঝরি ঝরি ।  
এ ঘোর রাতে কিসের লাগি  
পরাণ মম সহসা জাগি  
এমন কেন করিছে মরি মরি ।  
বাদল জল পড়িছে ঝরি ঝরি ।

## গীতাঞ্জলি

বিজুলি শুধু ক্ষণিক আভা হানে,  
নিবিড়তর তিমির চোখে আনে ।

জানি না কোথা অনেক দূরে  
বাজিল গান গভীর স্তরে,  
সকল প্রাণ টানিছে পথ পানে ;  
নিবিড়তর তিমির চোখে আনে ।

কোথায় আলো কোথায় ওরে আলো !  
বিরহানলে জালো রে তা'রে জালো ।

ডাকিছে মেঘ, হাঁকিছে হাওয়া,  
সময় গেলে হবে না যাওয়া,  
নিবিড় নিশা নিকষ-ঘন কালো।  
পরাগ দিয়ে প্রেমের দীপ জালো ॥

আষাঢ়, ১৩১৬ ।